# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

**উত্তর খান শাখা, ঢাকা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক**

## বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে **ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, উত্তর খান শাখা,** ঢাকা-এর ঋণগ্রহীতা **মেসার্স হক থাই এ্যালুমিনিয়াম" নামীয়, প্রোপ্রাইটরঃ জনাব মোঃ শামসুল হক,** পিতা-কদম আলী, মাতা-আরজা নেছা, ব্যবসায়িক ঠিকানাঃ জামতলা বালুর মাঠ, উত্তর খান, ঢাকা-১২৩০, বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ হাউজ-৫৯২/২, মাদার বাড়ী, পোঃ উত্তর খান হাই স্কুল, থানাঃ উত্তরখান, ঢাকা-১২৩০ কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, উত্তর খান, ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনা (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত **২৮-০২-২০২৩ইং** তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা ওয়ার্ক অর্ডার ফাইন্যান্স ঋণের মোট **১,৭৭,০৫,৩১৭.৯৮ (এক কোটি সাতাত্তর লক্ষ পাঁচ হাজার তিনশত সতের দশমিক নয় আট) টাকা** সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

1. As per kabala deed no. 9709 dated 13.01.1995 & saf kabala deed no. 10663 dated 19.10.2008. All that pieces and parcel of land measuring 12.40 decimals out of 13 decimals, situated within District office- Uttara Dhaka, P.S-Uttarkhan, Sub-Registry office- Uttara under Dhaka collectorate Touzi, J.L No. C.S-195, S.A-17 R.S-14, Dhaka city jorip-19, Mouza- Uttarkhan, C.S khatian No-5142 & 13742, C.S & S.A dag No-984, R.S dag No-3844, Dhaka city jorip dag no-26727, butted and bounded by On the north: Md Karon Ali, On the South: Kafil Uddin, On the East: RashedAhammod, On the West: Shukuri BiBi.

2. As per kabala deed No. 7800 dated 10.04.2007 &saf Kabala deed No-2978 dated 24.03.2008. All that pieces and parcel of land measuring 10.1875 decimals, situated within District office- Uttara Dhaka, P.S-Uttarkhan, Sub-Registry office- Uttara J.L No. C.S-195, S.A-17 R.S-14, Dhaka city jorip-19, Mouza- Uttarkhan, C.S khatian No-1168, S.A khatian No-1818, R.S khatian No-1642, Dhaka city joripkhatian No-11085 (Bujarot-14209, C.S & S.A Dag No-983, R.S Dag No-3838 & 3840, Dhaka city jorip dag No-26722,26723 & 26724, Butted and Bounded by: On the North: Sukkur Banu, On the South: Md Shamsul Haq, On the East: Mosle Uddin, On the West: Sukkur Banu.

# নিলামের শর্তাবলী

(১) আগামী **১০/০৪/২০২৩ইং** বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তর খান শাখা, ঢাকা-এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তর খান শাখা, ঢাকা-এর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

(৪) দরদাতাগন তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

(৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।

(৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত, স্বত্তের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**শাখা ব্যবস্থাপক, ইউসিবি, উত্তর খান শাখা, ঢাকা।**